

বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা

জাতীয় শুদ্ধাচার কোশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা এর জুলাই' ২০২১ হতে সেপ্টেম্বর' ২০২১
সময়কালের ১ম প্রাপ্তিকের শুদ্ধাচার ও নেতৃত্বক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
তারিখ ও সময়	ঃ ২৬.০৯.২০২১ খ্রিঃ, বিকালঃ ৪.০০ ঘটিকা
স্থান	ঃ মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা
উপস্থিতি	ঃ পরিশিষ্ট "ক"

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কর্তৃক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার শুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও ড্রানের সাথে কর্তব্যনির্ণয়, সততা, সমাজনুর্বর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিযন্ত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামূল্যী দূরীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কোশল প্রয়োজন ও বাস্তবায়ন সময়োপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নেতৃত্বক ও কর্তৃব্যনির্ণয়ের দ্বারা প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দূরীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব অত্র কার্যালয়ের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মো: ফেরদৌস আজম সরদার জুলাই' ২০২১ হতে সেপ্টেম্বর' ২০২১ সময়কালের ১ম প্রাপ্তিকের শুদ্ধাচার কোশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিরূপিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বিকেবি প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা আগামী ৩০.০৯.২০২১ এর মধ্যে পরিকল্পনা প্রণয়ন পূর্বক ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়।

খ) খন আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগণকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করণ ও পরিপালন নিশ্চিতকরণসহ এবং ব্যাংকের সকল গনসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙ্গানো অত্যাবশ্যক। প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ আগামী ৩০.০৯.২০২১ এর মধ্যে পত্রযোগে অবহিত করতে হবে।

গ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বি঱ক্ষে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। জুলাই'-সেপ্টেম্বর' ২০২১ ত্রৈমাসিকে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় ২৬.০৯.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ২৬টি শাখা একাধিক বার পরিদর্শন করেছেন। কোন শাখার অর্ধবার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ না করা হলে আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ। এ ক্ষেত্রে গণগুলানী একটি অত্যন্ত কার্যকরী কোশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণগুলানী করবেন এবং আগামী অক্টোবর' ২০২১ এর মধ্যে সকল শাখার গণগুলানী সম্পন্ন করা হবে।

২৬.০৯.২০২১

জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও
সভাপতি

সূত্র নং-মুআকা(ঢাকা)/শুদ্ধাচার/প্রশা-৫১/২০২১-২০২১/১০২৬(৭)

তারিখঃ ২৬.০৯.২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
- ০২। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, ঢাকা মুখ্য আঞ্চল।
- ০৬। নথি/মহানথি।

২৬.০৯.২০২১

(মো: ফেরদৌস আজম সরদার)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা